



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/26/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"নিউ ইয়র্ক সিটির জন্য আজ অত্যন্ত কঠিন একটি দিন।

মার্কিন যুক্তরাষ্ট্রের বিচার বিভাগের (United States Department of Justice) প্রকাশিত অভিযোগপত্রটি আমি মনোযোগ সহকারে পর্যালোচনা করেছি। এই অভিযোগপত্রটি হলো উদ্বেগজনক ঘটনাক্রমের সর্বশেষ ঘটনা যা বহু নিউ ইয়র্কবাসীর মধ্যে একটি অস্বস্তির অনুভূতি উদ্রেক করেছে, যা বোধগম্য।

আমাদের বিচার ব্যবস্থা একটি মৌলিক নীতিমালার উপর ভিত্তি করে গঠিত হয়েছে যা হলো আমাদের সকলকেই অন্যথা প্রমাণের পূর্ব পর্যন্ত নিরপরাধ বলে গণ্য করা হবে। তবে আমরা, যারা নির্বাচিত অফিসে একটি ক্যারিয়ার বেছে নিয়েছি, জানি যে আমাদেরকে উচ্চতর মানদণ্ডে দায়বদ্ধ করা হবে। সরকারি চাকরিজীবী হিসেবে আমাদের যে দায়িত্ব রয়েছে তা অনুযায়ী এটি সম্পূর্ণ যথাযথ।

নিউ ইয়র্কবাসীদের এটি জানার অধিকার আছে যে তাদের মিউনিসিপ্যাল সরকার কার্যকরভাবে, নৈতিকভাবে এবং মানুষের সর্বোচ্চ কল্যাণে কাজ করছে, অপরাধ নির্মূল করছে, আমাদের শিশুদের শিক্ষাদান করছে এবং সিটির মৌলিক সেবা নির্বিঘ্নে প্রদান করা নিশ্চিত করছে। মেয়র অ্যাডামস যে সেভাবে নেতৃত্ব দিতে সক্ষম তা প্রদর্শন করা এখন তার দায়িত্ব।

আমার মনোযোগ হলো নিউ ইয়র্কের মানুষকে সুরক্ষিত রাখা এবং সিটির স্থিতিশীলতা নিশ্চিত করা। নিউ ইয়র্কের গভর্নর হিসেবে আমার বিকল্পসমূহ এবং দায়িত্বকে আমি পর্যালোচনা করছি, এবং আমি আশা করবো যে সেই সময়ে, আগামী কয়েক দিনে মেয়র পরিস্থিতির পর্যালোচনা করবেন এবং নিউ ইয়র্ক সিটির মানুষ যাতে তাদের নেতৃত্বদের থেকে উত্তম সেবা পেতে পারে তা নিশ্চিত করতে যথাযথ অগ্রগামী পন্থা বের করবেন। সরকারের সকল পর্যায়ে স্থিতিশীল, দায়িত্বশীল নেতৃত্ব আছে এই আস্থা আমাদের অবশ্যই নিউ ইয়র্কবাসীকে প্রদান করতে হবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্ক্রাইব করুন](#)